নৃবিজ্ঞান পত্রিকা, সংখ্যা ১৬ পৃঃ ১১৭-১৩৪
© ২০১১ নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ঢাকা

রাশেদা আখতার*

# নৃবিজ্ঞানে রাজনৈতিক অর্থনীতি দৃষ্টিভঙ্গি: একটি পর্যালোচনা[১]

## ১. প্রাক কথন

এই প্রবন্ধের কেন্দ্রীয় আলোচ্য বিষয় হচ্ছে নৃবিজ্ঞানের রাজনৈতিক অর্থনীতির দৃষ্টিভঙ্গি সম্পর্কে পর্যালোচনা। উল্লেখ্য যে, রাজনৈতিক অর্থনীতি (political economy) প্রত্যয়টি বহু পূর্বে সমাজ দর্শনে আলোচিত হতো। কার্লমার্কস-পূর্ব ক্ল্যাসিক্যাল রাজনৈতিক অর্থনীতিবিদ যেমন: স্মিথ, রিকার্ডো, মিল এ সম্পর্কে আলোচনার সূত্রপাত করেন। পরবর্তী পর্যায়ে কার্লমার্কস তার ঐতিহাসিক বস্তুবাদ আলোচনার পূর্বাপর রাজনৈতিক অর্থনীতি সম্পর্কিত অর্থনীতিবিদদের মতামত চ্যালেঞ্জ করেন। '৭০ দশকে নব্যমার্কবাদীরা মার্কসের রাজনৈতিক অর্থনীতি প্রত্যয়কে শুধুমাত্র শ্রেণি সম্পর্কের আলোচনার মধ্যে সীমিত না রেখে বৈশ্বিক পরিসরে বিনিময় সম্পর্কের আলোকে ব্যাখ্যা করেন। দু'ধরনের মার্কসীয় ব্যাখ্যায় শ্রেণি শোষণ ও উদ্বৃত্ত শোষণের ব্যাখ্যা রয়েছে যা অনিবার্যভাবে পুঁজিবাদী প্রবণতাকেই তুলে ধরে। এই ধরনের ব্যাখ্যার বিপরীতে '৮০ দশকের গোড়ার দিকে নৃবিজ্ঞানীরা রাজনৈতিক অর্থনীতি প্রত্যয়কে সংস্কৃতি ও মতাদর্শগত ব্যাখ্যার আলোকে পুঁজিবাদকে বিশ্লেষণ করতে আগ্রহী হন। Wolf, Nash, Taussig প্রমুখ নৃবিজ্ঞানীরা বৈশ্বিক পুঁজিবাদের সাংস্কৃতিক ও প্রতীকী বিশ্লেষণ তুলে ধরেন। এ ধরনের বিশ্লেষণ নৃবিজ্ঞানে স্বতন্ত্র দৃষ্টিভঙ্গি হিসেবে নৃবৈজ্ঞানিক রাজনৈতিক অর্থনীতি পরিচিতি লাভ করে।

এ প্রবন্ধে নৃবৈজ্ঞানিক রাজনৈতিক অর্থনীতি দৃষ্টিভঙ্গি সম্পর্কে একটি সংক্ষিপ্ত পর্যালোচনা উপস্থাপন করা হয়েছে। ভূমিকা ও উপসংহার বাদে প্রবন্ধটি তিনটি অংশে বিভক্ত। প্রথমে আমি চিরায়ত রাজনৈতিক অর্থনীতি কী সেই সম্পর্কে তত্ত্বীয় বিষয় আলোচনা করেছি। এই অংশে পুঁজি ও শ্রম যে ফিজিওক্র্যাফট অর্থনীতিবিদদের কেন্দ্রীয় বিষয়—তা তুলে ধরেছি। দ্বিতীয় অংশে রাজনৈতিক অর্থনীতি কিভাবে নৃবিজ্ঞান জ্ঞানকাণ্ডে অনুশীলন শুরু হয়েছে তার এথনোগ্রাফিক ব্যাখ্যা রয়েছে। এই অংশে আমি দেখাতে চেষ্টা করেছি যে, পুঁজিবাদকে শুধুমাত্র শ্রম আর পুঁজি দিয়ে ব্যাখ্যা করা যথেষ্ট নয়, নির্দিষ্ট সংস্কৃতি কিভাবে পুঁজিবাদী শোষণের অংশ হতে পারে তা তুলে ধরতে চেষ্টা করেছি। বলা যেতে পারে নৃবৈজ্ঞানিক দৃষ্টিতে রাজনৈতিক অর্থনীতি বিশ্লেষণে সংস্কৃতি, মতাদর্শ ও প্রতীক কিভাবে সম্পর্কিত তা চরিত্রগতভাবেই অর্থনীতিবাদী বিশ্লেষণ থেকে পৃথক। প্রবন্ধের তৃতীয় অংশে চিকিৎসা নৃবিজ্ঞান ও রাজনৈতিক-

---

* অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ঢাকা, বাংলাদেশ।
ইমেইল: rashedaakhtar@gmail.com

অর্থনীতি দৃষ্টিভঙ্গি কিভাবে অনুসরণ করা হয়- তার সংক্ষিপ্ত আলোচনা করে উপসংহার টানার চেষ্টা করেছি।

## ২. চিরায়ত রাজনৈতিক অর্থনীতি

নৃবিজ্ঞানে রাজনৈতিক অর্থনীতি দৃষ্টিভঙ্গি বিষয় বিশ্বব্যবস্থা এবং নির্ভরশীল তত্ত্ব দ্বারা প্রভাবিত হয় (Morgan, 1987)। এডাম স্মিথের চিরায়ত অর্থনীতি বিশ্লেষণে রাজনৈতিক অর্থনীতি দৃষ্টিভঙ্গি একটি গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে। জমি, শ্রম, উদ্যোগ এবং সাংগঠনিক ভিত্তির সমন্বয় হিসেবে রাজনৈতিক অর্থনীতিকে স্মিথ বুঝতে চেয়েছেন (Smith, 1776)। সংজ্ঞাগত দিক থেকে রাজনৈতিক অর্থনীতি হলো 'উৎপাদন, বণ্টন, বিনিময় ও ভোগের প্রক্রিয়ায় মানুষের মধ্যে উদ্ভূত সামাজিক সম্পর্কাদি অধ্যয়নের বিজ্ঞান' (চৌধুরী, ২০০৭: ১৩৬)। এ দৃষ্টিভঙ্গি অনুযায়ী উৎপাদন সম্পর্ক বিষয়ক প্রত্যয়সমূহ (যেমন: পণ্য, মুদ্রা, পুঁজি, মুনাফা, খাজনা ইত্যাদি) মানুষের মধ্যে বিদ্যমান বিভিন্ন সম্পর্ককেই প্রকাশ করে। এধরনের সর্ম্পক বিশেষ উৎপাদন প্রণালীর অধীন।

ঐতিহাসিকতা পর্যালোচনা করে চৌধুরী দেখান যে, বিজ্ঞান হিসেবে রাজনৈতিক অর্থনীতির উদ্ভব ঘটে পুঁজিবাদী উৎপাদন প্রণালীর বিকাশ পর্বে (প্রাগুক্ত)। স্থূল বুর্জোয়া রাজনৈতিক অর্থনীতি (ম্যালথাস প্রমুখ) এবং পরবর্তীতে পেটি বুর্জোয়া রাজনৈতিক অর্থনীতি (সিসমন্ডি, প্রুধো প্রমুখ)-র বিপরীতে কার্ল মার্ক্স ও ফ্রেডারিক এঙ্গেলস রাজনৈতিক অর্থনীতি বিশ্লেষণে ভিন্ন মাত্রা যোগ করেন। মার্ক্স ঐতিহাসিক বস্তুবাদের আলোকে হেগেলের প্রগতির তত্ত্বের সমালোচনা করেন এবং যুক্তি দেন যে, পুঁজিবাদে শ্রম ও পুঁজির বৈরি সম্পর্কের আলোকে শ্রেণি সংগ্রামকে ব্যাখ্যা করা উচিত। বস্তুতঃ রাজনৈতিক সংগ্রামের মাধ্যমে অর্জিত সমাজতন্ত্রকে মার্কস রাজনৈতিক, অর্থনৈতিক কর্মের আলোকে ব্যাখ্যা করেন (চৌধুরী, ২০০৭:১৩৭)।

কার্ল মার্ক্স রাজনৈতিক অর্থনীতিকে অর্থনৈতিক নিয়ন্ত্রণবাদের আলোকে ব্যাখ্যা করেছেন। তিনি তাঁর Critique of Political Economy (1961) এবং The German Ideology (1947) এ গ্রন্থদ্বয়ে অর্থনীতি ও মতাদর্শের পারস্পরিক প্রবাহের গুরুত্বের বিষয় উল্লেখ করেছেন। মার্ক্সীয় মতাদর্শগত বিশ্লেষণকে Althusser উপরিকাঠামো বিশ্লেষণে তাঁর তাত্ত্বিক কাঠামো হিসেবে ব্যবহার করেন (Althusser 1970)। একইভাবে Gramsci (1996) আধিপত্য (হেজিমনি) বিশ্লেষণে মার্ক্স এর মতাদর্শ ব্যাখ্যাকে পরিবর্ধন করেন। চিরায়ত মার্ক্সবাদী ও গ্রামসীয় রাজনৈতিক অর্থনীতি বিশ্লেষণে পরবর্তীতে নব্য-মার্ক্সবাদীরা নতুন মাত্রা যোগ করেন। মার্ক্সীয় রাজনৈতিক নির্দিষ্ট সমাজকাঠামোর অভ্যন্তরীণ দ্বান্দ্বিকতা-সৃষ্ট এবং তার বৈশ্বিক পুঁজিবাদের সাথে সম্পর্কিত। অর্থাৎ মার্ক্সের রাজনৈতিক অর্থনীতি বিশ্লেষণের ভিত্তি হচ্ছে শ্রেণি সম্পর্ক। অন্যদিকে নব্য-মার্ক্সবাদীদের রাজনৈতিক অর্থনীতি বিশ্লেষণের ভিত্তি হচ্ছে বিনিময় সম্পর্ক। কিভাবে বৈশ্বিক পুঁজিবাদ তার অধঃস্তন দেশগুলোকে বাণিজ্যের মাধ্যমে উদ্বৃত্তকে শোষণ করে তা নব্য মার্ক্সবাদীদের আগ্রহের জায়গা (Baran 1957, Frank 1967, Amin 1974)।

'৭০ দশকের প্রথম দিকে রাজনৈতিক অর্থনীতি নতুন মোড় নেয় ইম্যানুয়েল ওয়ালারস্টেইন (১৯৭৯) এর মাধ্যমে। তিনি ১৯৫০ থেকে ১৯৬০ এর দশকের উন্নয়ন তত্ত্বগুলোকে চ্যালেঞ্জ করেন এবং উন্নয়ন-অনুন্নয়ন সম্পর্কে নতুন বিশ্লেষণ উপস্থাপন করেন। তাঁর যুক্তি হচ্ছে তৃতীয় বিশ্বের সমাজগুলো পুঁজিবাদী বিশ্বের একক অর্থনীতি ব্যবস্থার মধ্যে ক্রিয়াশীল যার মাধ্যমে অনুন্নয়ন স্থিতি অবস্থায় কাজ করে। ওয়ালারস্টেইন কেবলমাত্র ইতিহাসের আলোকেই উন্নয়ন-অনুন্নয়নকে বুঝাতে চান। কিন্তু নৃবিজ্ঞানে রাজনৈতিক অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি নির্দিষ্ট সম্প্রদায়ের মধ্যে ইতিহাস এবং সনাতনী মাঠকর্মের সমন্বয় করার চেষ্টা করে। এই দৃষ্টিভঙ্গি পুঁজিবাদকে প্রতীক, সংস্কৃতি ও আচারের মধ্য দিয়ে বিশ্লেষণ করতে চায়।

### ৩. রাজনৈতিক-অর্থনীতি ও নৃবিজ্ঞান

আমরা দেখাচ্ছি যে রাজনৈতিক-অর্থনৈতিক ধারণা বিশ্ব ব্যবস্থা এবং অনুন্নয়নের তত্ত্ব দ্বারা প্রভাবিত (Wallerstain 1979, Frank 1967)। কাঠামোগত মার্ক্সবাদের বিপরীতে চিরায়ত নৃবৈজ্ঞানিক গবেষণা অনুসরণ করে রাজনৈতিক অর্থনীতিবাদীরা বৃহৎ আকারের আঞ্চলিক রাজনৈতিক/অর্থনৈতিক ব্যবস্থার উপর গুরুত্ব দেন (Hart 1982)। ১৯৭৮ সালে American Ethnologist এ নৃবিজ্ঞানের রাজনৈতিক অর্থনীতি সংক্রান্ত বিশেষ সংখ্যা প্রকাশিত হয়। সেখানে ক্ষুদ্র আঞ্চলিক সম্প্রদায়গুলোতে পুঁজিবাদের অনুপ্রবেশ এবং তার ফলাফল নিয়ে কয়েকটি প্রবন্ধ প্রকাশিত হয়। বহিঃশক্তির প্রভাব এবং তদ্বারা সামাজিক পরিবর্তন সংক্রান্ত আলোচনা ঐ বিশেষ সংখ্যায় আলোচিত হয়[২]।

'৬০ দশক- পরবর্তী নৃবিজ্ঞানের তত্ত্বের স্বরূপ আলোচনা প্রসঙ্গে Ortner (1984) রাজনৈতিক অর্থনীতি দৃষ্টিভঙ্গি নৃবিজ্ঞানে কিভাবে বিকাশ লাভ করেছে তা আলোচনা করেন। তাঁর মতে, রাজনৈতিক সমাজতত্ত্ব দ্বারা প্রভাবিত হয়ে নৃবিজ্ঞান রাজনৈতিক অর্থনীতির বিভিন্ন ধারায় বিকশিত হয়। নৃবিজ্ঞানে রাজনৈতিক অর্থনীতির অবস্থান সম্পর্কে Ulin (1991) বলেন যে, এটি সমালোচনাধর্মী নৃবিজ্ঞানের প্রকল্পের পূর্বসূরী। ফরাসি মার্ক্সবাদী স্কুল (অর্থনৈতিক ভিত্তি হচ্ছে প্রধান) এবং এ্যাংলো আমেরিকান নব্য মার্ক্সবাদী দৃষ্টিভঙ্গি (মতাদর্শগত উপরিকাঠামো) এর সমন্বিত ফল হচ্ছে রাজনৈতিক অর্থনীতি। Ulin রাজনৈতিক অর্থনীতি দৃষ্টিভঙ্গির কতগুলো বৈশিষ্ট্য তুলে ধরেন। যেমন: কৃষকের প্রলেতারিয়েতকরণ, স্থানিক পর্যায়ের সামাজিক রূপান্তর—যেটি জাতীয়, আর্ন্তজাতিক বাজারের সাথে দ্বান্দিকভাবে যুক্ত, পুঁজি সঞ্চয় অথবা পুঁজি প্রবৃষ্টকরণের বিরুদ্ধে প্রতিরোধ রাষ্ট্র এবং শ্রেণিগঠন ইত্যাদি (প্রাগুক্ত)।

নৃবৈজ্ঞানিক রাজনৈতিক অর্থনীতির গভীরতা এবং বৈচিত্র্যকে ১৯৬০ এর দশকে মার্কুস এবং ফিশার Anthropology as Cultural Critique (1986) গ্রন্থে Wolf, Mintz, Leacock এবং Nash এর মাধ্যমে তুলে ধরেন। Wolf এবং Mintz-এর কাজের সময়কালকে মূলত ১৯৬০ নয় বরং ১৯৪০ এর দশকে প্রোথিত ভাবা হয় যখন তারা জুলিয়ান স্টুয়ার্ড এর ছাত্র হিসেবে পুয়ের্তোরিকো প্রকল্পে কাজ করেন এবং কাজটির ফলাফল প্রকাশিত হয় স্টুয়ার্ডের 'Cultural Ecology' হিসেবে যাতে Wolf এবং Mintz এর থেকে সরে এসে

'Cultural History' নামকরণ করা হয়। তাঁদের বর্ণনা থেকে পুয়ের্তোরিকো সম্প্রদায়ের উপর পুঁজিবাদের অনুপ্রবেশের প্রভাব চিহ্নিত হয় যা চ্যালেঞ্জের মুখে পড়ে। সম্প্রদায়ের করদাতারা পুয়ের্তোরিকোর নিজস্ব কাঠামো এবং ইতিহাস বিদ্যমান তা মানতে চাননা। কিন্তু Wolf ও Mintz তাদের ৪০০ বছরের ইতিহাসকে চিহ্নিত করে তর্ক করেন যে, এই সম্প্রদায়ের গঠনের সাথে উপনিবেশবাদের বৃহৎ ইতিহাস, সাম্রাজ্য তৈরি, আন্তর্জাতিক বাণিজ্য এবং রাষ্ট্র গঠনের ইতিহাসের সাথে যুক্ত[৩]।

Wolf ও Mintz তাঁদের 'An analysis of Ritual Coparenthood (Comparadrago)' (১৯৫০) প্রবন্ধে সামাজিক-সাংস্কৃতিক বিভিন্নতা এবং বৈচিত্র্য কিভাবে সংযোজিত হয় তাও বুঝতে চান। তাছাড়া পুয়োর্তোরিকান চিনি শ্রমিকের জীবন ইতিহাস, জামাইকার বাজার ব্যবস্থা, ক্যারিবিয়ান কিংবা মেক্সিকানদের জাতি গঠন ইত্যাদি ক্ষেত্রে তাঁদের আগ্রহ পরিবর্তিত হয়, যেখানে নৃবৈজ্ঞানিক বিষয় হিসেবে স্থানীয় এবং বৈশ্বিক ইতিহাসের পারস্পরিক ছেদকে চিহ্নিত করতে চান তারা। Leacock মার্ক্সবাদ দ্বারা প্রভাবিত হয়ে নৃবৈজ্ঞানিক কাজ করেন। শিকারী অঞ্চল সমূহের বাণিজ্য (যেমন: পশুর লোম) কে কেন্দ্র করে তাঁর প্রথম দিকের কাজ 'Montagnais-Naskapi' প্রকাশিত হয়। এখানে তিনি শিকারী সম্প্রদায়ের তিনটি বিষয়কে তুলে ধরেন। (১) বির্বতন (২) অসমতার উৎস বিশেষত লিঙ্গীয় অসমতা এবং (৩) উপনিবেশবাদের প্রভাব, যা পরবর্তীতে এখানে রাষ্ট্র গঠন করে। এর থেকেই তিনি তাঁর 'Political Economy' সংক্রান্ত আগ্রহ পান যা Wolf এবং Mintz এর কাজ থেকে ভিন্নতা তৈরি করে। তিনি মূলত বৈশ্বিক প্রেক্ষিতে স্থানীয় ইতিহাসকে বোঝার চেয়ে বিবর্তনিক রূপান্তর এবং নির্দিষ্ট শ্রেণি ও মানুষের উপর এর প্রভাবকে বুঝতে আগ্রহী ছিলেন।

১৯৫০ দশকের শিকাগোর কাঠামোগত ক্রিয়াবাদী ধারা থেকে বের হয়ে June Nash হার্ভাড এবং শিকাগোর পণ্ডিতদের সাথে Chiapas এবং গুয়েতেমালার কাজ করেন। তাঁর Chiapas এর Amatenango তে করা মনোগ্রাফ অন্যান্যদের কাজ থেকে অনেক বেশি সাংস্কৃতিক, যদিও এটি তাঁর প্রথমদিককার কাঠামোগত ক্রিয়াবাদী ধারা দ্বারা বেশি প্রভাবিত ছিল। রাজনৈতিক অর্থনীতি সংক্রান্ত Nash এর কাজের ভিন্নতা দুটো কারণে। প্রথমত, বলিভিয়ান টিন মাইনারদের উপর করা কাজ যা ১৯৬৯ সালে শুরু হয়ে ১৯৭৯ সালে মনোগ্রাফ আকারে প্রকাশিত হয় এবং রাজনৈতিক-অর্থনীতির নৃবৈজ্ঞানিক কাঠামো প্রদান করে। দ্বিতীয়ত, তাঁর নারীবাদী নৃবিজ্ঞান নিয়ে প্রাতিষ্ঠানিক ও এথনোগ্রাফিক কাজ। এতে পরিবারে শ্রমবিভাজন সংক্রান্ত তর্কে নারীর অবস্থান, বহুজাতিক কোম্পানির কাঠামো, আন্তর্জাতিক অর্থনীতির প্রভাবে অগ্রসর পুঁজিবাদী এবং অনুন্নত দেশসমূহে নারীর অংশগ্রহণের বিষয়গুলোকে তুলে ধরা হয়। তিনি Leacock এর মত 'রাজনৈতিক অর্থনীতি'তে নারীবাদী উপলব্ধিকে কেন্দ্রীয় জায়গা দিলেও বিবর্তন সম্পর্কে আগ্রহী নন। এভাবে অন্য তিনজনের তুলনায় Nash রাজনৈতিক অর্থনীতিকে মৌলিক এথনোগ্রাফিক দৃষ্টিভঙ্গি প্রদান করেন[৪]।

'৭০ এর দশকেই নব্য মার্ক্সবাদী তাত্ত্বিকরা উন্নয়ন-অনুন্নয়ন বিশ্লেষণে রাজনৈতিক অর্থনীতির ধারণা নিয়ে আসেন। এ ধারায় কাজ করেন ফ্রাংক (1967), ওয়ালারস্টাইন

(1979), সামির আমিন (1974) এবং পল ব্যারেন (1957)। রাউল প্রেবিশের '৬০ এর দশকে ল্যাটিন আমেরিকার অনুন্নয়ন সংক্রান্ত লেখালেখি দ্বারা এই ঘরানার কাজ শুরু হয়। আবার '৭০ এর দশকেই উৎপাদন প্রণালী ধারণার মার্ক্সীয় সমালোচনা তুলে ধরেন কিছু নৃবিজ্ঞানী। এর মধ্যে আলথুজার ছিলেন অন্যতম। এখানে ফার্থের cerebral এবং gut মার্ক্সবাদ এবং অর্টনারের কাঠামোগত মার্ক্সবাদ ও রাজনৈতিক অর্থনীতি সংযুক্ত হয়। অনেক নৃবিজ্ঞানী যেমন: গদেলিয়ার, মিঁয়াসু, টেরে প্রমুখ অনুন্নয়ন পাঠের প্রতি আগ্রহী হন যদিও তাঁরা কেউই আলথসারিয়ান ছিলেন না।

আলথাসার দু'টি ধারণা দ্বারা অনুন্নয়নকে বুঝতে চান: উৎপাদন প্রণালী এবং সামাজিক বিন্যাস। তিনি মূলত নৃবিজ্ঞানে মার্ক্সবাদী তত্ত্ব বা ধারণা প্রয়োগ করে নৃবিজ্ঞানের উন্নয়ন ঘটাতে চান। ১৯৬৫ সালে তাঁর Marx এবং Lire le capital বই দু'টি প্রকাশিত হয়, যা ফরাসি মার্ক্সবাদ ও ফরাসি মার্ক্সবাদী নৃবিজ্ঞানে ভিত তৈরি করে। তাঁর ভাবনা দ্বারা গডেলিয়ার ও মিঁয়াসু প্রভাবিত হন।

দুজনেই মার্ক্সের তত্ত্বকে নৃবিজ্ঞানে প্রয়োগ করতে আগ্রহী তবে তা পুনঃপাঠের জায়গা থেকে। তারা মার্ক্সের উৎপাদন প্রণালীর ধারণা বা ভিত্তি কাঠামোর দ্বারা উপরিকাঠামোর নির্ধারণী ভূমিকাকে বাতিল করেন। বরং উভয়ে উভয়ের দ্বারা প্রভাবিত হতে পারে বলে দেখান এবং উৎপাদন প্রণালী বা উৎপাদনের গ্রন্থীবদ্ধকরণ এর ধারণা দেন। কেননা কোন সমাজে কেবল একটি উৎপাদন প্রণালী নয় বরং একাধিক উৎপাদন প্রণালী থাকতে পারে। যেমন: পুঁজিবাদী এবং সামন্তবাদী উৎপাদন প্রণালীর সহাবস্থান।

কার্ল মার্ক্স (1961) সমাজে বস্তুবাদী ব্যাখ্যা দিতে গিয়ে অর্থনীতিকে গুরুত্ব দিয়েছেন। কিন্তু তিনি এও বলেছেন যে সমাজের উপরি কাঠামো (মতাদর্শ, ভাষা) অনেক সময়েই মৌল কাঠামো তথা অর্থনীতিকে নিয়ন্ত্রণ করে। আলথুজারিয়ান উৎপাদনের গ্রন্থীবদ্ধকরণ এর ধারণায় উপরিকাঠামো অর্থাৎ আইন, সংস্কৃতি, জ্ঞাতিসম্পর্ক ও অর্থনীতিকে নির্ধারণ বা ভিত্তি কাঠামোকে নির্ধারণ করতে পারে। ফলে উৎপাদন প্রণালীর ধারণায় রাজনৈতিক অর্থনীতির সাংস্কৃতিক প্রপঞ্চ সামনে আসে।

নৃবিজ্ঞানী Roseberry (1988); Ong (1987) এবং Mintz (1960) এর সমসাময়িক কাজ দ্বারা রাজনৈতিক অর্থনীতির সাংস্কৃতিক প্রপঞ্চকে বুঝতে চান। Ong (1987) তাঁর Spirits of Resistance and Capitalist Discipling: Factory Women in Malaysia। তিনি মালয় তরুণীদের প্রতিরোধের spirit possession তুলে ধরেন। তিনি প্রাক-শিল্পায়িত সমাজের সম্পর্কের মূল্যের সাথে শিল্পায়িত সমাজের বিনিময়ের মূল্যের বিপরীত কাঠামো দাঁড় করাতে চাননা, বরং উপনিবেশের সৃষ্টি হিসেবে মালয় কৃষি পণ্য উৎপাদন এবং আধুনিক মালয় রাষ্ট্র দ্বারা গ্রাম্য জীবনের পরিবর্তনকে বুঝতে চান। এ ছাড়া গ্রাম্য শ্রেণি গঠন, গৃহস্থালি সম্পর্কের পরিবর্তন দ্বারা নারীদের ভূমিকাকে দেখতে গিয়ে গ্রামে নারী শ্রেণির অবস্থা, গৃহস্থালি হতে তাদের বিচ্ছিন্নতা এদের ঘরের বাইরে মজুরি কাজে নিয়োজিত করে। Ong যখন তাদেরকে দোকানের মেঝেতে দেখেন তখন এদের শ্রেণি, গ্রাম, লিঙ্গ, গৃহস্থালি জীবনের

অভিজ্ঞতার আলোকে ঐতিহাসিক বস্তু হিসেবে নির্মাণ করেন। নারীরা পুঁজিবাদী ব্যবস্থার পুরুষ নিয়ন্ত্রণ এবং শ্রম শৃঙ্খলাকে 'spirit possession' থেকে প্রতিরোধ করে। এভাবে Ong এর কাজ থেকে রাজনৈতিক অর্থনীতির নতুন মাত্রা যোগ করেন। তিনি সাংস্কৃতিক প্রপঞ্চের 'spirit possession' এবং পুঁজিবাদী সম্পর্কের 'devil' সংযোগকে তুলে ধরেন।

Mintz এর Sweetness and power: The place of sugar in modern history (1985) ক্যারিবিয়ায় করা এই কাজটি রাজনৈতিক অর্থনীতি-কেন্দ্রিক স্থানীয় এবং বৈশ্বিক সম্পর্কের বৃহৎ দৃষ্টিভঙ্গি প্রদান করে। তিনি বিশ্ব অর্থনীতিতে চিনি'র অবস্থানকে চিহ্নিত করে ক্যারবীয় অর্থনীতির আবদ্ধ এবং চিনি বাণিজ্যিকীকরণে ইংল্যান্ডের আধিপত্য ও উপনিবেশবাদকে তুলে ধরেন। একই সাথে ভোগের পরিবর্তনশীল কাঠামোকেও চিহ্নিত করেন। Mintz মধ্যযুগ থেকে শিল্প ভিত্তিক প্রেক্ষিতে চিনি'র পরিবর্তনশীল ব্যবহারকে বুঝতে চান। চিনি ব্যবহারে উঁচু শ্রেণি ও সাধারণ জনগণের ভিন্নতাকেও তিনি ব্যাখ্যা করেন।

খাদ্যাভাসের পরিবর্তন এবং সেখানে চিনির জায়গা করে নেয়াকে শ্রেণি কাঠামো, কর্মজীবী শ্রেণির প্রলেতারিয়েতকরণ, গৃহস্থালি দলের পরিবর্তন ইত্যাদির প্রেক্ষিতে দেখতে চান যা সমাজের গঠনের সাথে যুক্ত এবং একে ঐতিহাসিক প্রক্রিয়া, উপনিবেশবাদের আধিপত্য কাঠামোর সাথে যুক্ত করেন, যদিও তিনি ধর্মীয় এবং সামাজিক বিভিন্নতাকে তেমন গুরুত্ব দেননি। এভাবে Mintz শ্রেণি, মজুরি, ক্ষমতাভেদে সাংস্কৃতিক পরিবর্তনকে ব্যাখ্যা করেন।

স্বাস্থ্য ক্ষেত্রে রাজনৈতিক অর্থনীতি বিশ্লেষণী কৌশল চিকিৎসা নৃবিজ্ঞানে গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়। যেমনঃ Nancy Scheper-Hughes এর ব্রাজিলের উপর গবেষণা কাজ (1992 ও 2002) এক্ষেত্রে উল্লেখ করা যেতে পারে। নারীর শরীর ও স্বাস্থ্য বিষয়ক রাজনীতিকে তিনি বৈশ্বিক পরিসরে দেখিয়েছেন। 'The Global Traffic in Human Organs' (2002) নামক প্রবন্ধে ন্যান্সি নারীর শরীর ও স্বাস্থ্যের ধারণাগুলো বৈশ্বিক ডিসকোর্সের নির্মিত দৈনন্দিন জীবনে কিভাবে ক্রিয়াশীল তা অনুসন্ধানের চেষ্টা করেন[৫]।

বলা বাহুল্য নৃবিজ্ঞানে রাজনৈতিক অর্থনীতি আলোচনা কেবল দৃষ্টিভজ্ঞি নয় বরং একটি তাত্ত্বিক নির্মিতি হিসেবে কাজ করছে। এটি স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, পরিবেশ অধ্যয়নে পুঁজিবাদের প্রবণতাগুলোকে বিশ্লেষণ করার ক্ষেত্রে শক্তিশালী বিশ্লেষণিক কাঠামো হিসেবে প্রতিষ্ঠিত। চিকিৎসা নৃবিজ্ঞানে কিভাবে রাজনৈতিক অর্থনীতির দৃষ্টিভঙ্গি অনুসরণ করা হয় তা উদাহরণের মাধ্যমে তুলে ধরা হলো।

## ৪. চিকিৎসা নৃবিজ্ঞানে রাজনৈতিক অর্থনীতি দৃষ্টিভঙ্গি

চিকিৎসা নৃবিজ্ঞনেও রাজনৈতিক অর্থনীতি বিশ্লেষণ মূলত নির্ভরশীলতা অথবা বিশ্বব্যবস্থা তত্ত্ব দ্বারা প্রভাবিত যা পূর্বেই উল্লেখ করেছি (Morgan 1987)। পশ্চিমা এবং অপশ্চিমা চিকিৎসা ব্যবস্থার দ্বান্দ্বিক সম্পর্ক চিকিৎসা নৃবিজ্ঞানীরা তুলে ধরেন। চিকিৎসা ব্যবস্থা কিভাবে শ্রেণি সম্পর্কের সাথে জড়িত এবং কিভাবে চিকিৎসা সংক্রান্ত জ্ঞান উৎপাদিত হয় তা বিভিন্ন চিকিৎসা

নৃবিজ্ঞান সংক্রান্ত এথনোগ্রাফিতে তুলে ধরা হয় (Foster and Anderson, 1978; Ferguson, 1986; Navarro, 1986)।

এ ধরনের এথনোগ্রাফির মধ্যে উত্তর-পূর্ব ব্রাজিলের শিশু-যত্ন সংক্রান্ত গবেষণাটি উল্লেখযোগ্য (Schepher Hughes 1984b)। তিনি দেখান যে, রোগের লক্ষণ এবং মৃত্যুর হার কোন জৈবিক উপাদান নয় বরং এটি শ্রেণি শোষণের বহিঃপ্রকাশ। একই ধারায় Michael Taussig এর (1980) কলম্বিয়ার স্বাস্থ্য, পুষ্টি ও উন্নয়ন সম্পর্কিত কাজটি উল্লেখযোগ্য। Taussig দেখান যে, পুষ্টি, স্বাস্থ্য বিষয়টি আঞ্চলিক এবং বৈশ্বিক উন্নয়নের ফলে কলম্বিয়ার কৃষি কাঠামোতে যে পরিবর্তন ঘটে তার সাথে সর্ম্পকিত[৬]। Taussig (1980a) মার্ক্সীয় সাংস্কৃতিক তত্ত্বের প্রেক্ষিতে জৈবচিকিৎসার সমালোচনাধর্মী বিশ্লেষণে ক্লিনিক্যাল দৃষ্টিভঙ্গিকে স্পষ্টভাবে খারিজ করে। তিনি চিকিৎসার মতাদর্শিক প্রকৃতি এবং পুঁজিবাদী সমাজের সামাজিক ক্ষমতার সম্পর্কের পুনঃউৎপাদনে অবদান রাখেন।

ক্লিনিক্যাল বিষয় নিয়ে নিজ সমাজে অর্থাৎ যুক্তরাষ্ট্রে Singer এবং যুক্তরাজ্যে Baer 'dominative' এবং প্রচলিত ধর্মমতের বিরোধী (heterodox) রূপে চিকিৎসা নৃবিজ্ঞানের রাজনৈতিক অর্থনীতির বিষয়ে কাজ করেন। যুক্তরাষ্ট্রের চিকিৎসা ব্যবস্থার আধিপত্যের প্রতিফলন ঘটে শ্রেণি, বর্ণ এবং লিঙ্গীয় সম্পর্কের মাধ্যমে (Baer 1984, 1989; Singer et al, 1984; Singer 1986b, 1989a)। দেখা যায় যে Political Economy of Medical Anthropology (PEMA) গবেষণায় তৃতীয় বিশ্বের প্রেক্ষিতে ঐতিহাসিকভাবে যুক্তরাষ্ট্রের রাজনৈতিক অর্থনীতির বিকাশ এবং চিকিৎসার বহুরূপতার বিষয় ক্রিয়াশীল (Sargent 1996: 33)।

গত দুই দশক ধরে PEMA'র গবেষণার ফলাফল হিসেবে Onoge (1975) এর পর্যবেক্ষণে পুঁজিবাদ চিকিৎসা নৃবিজ্ঞানের উপেক্ষিত বিষয় হিসেবে কাজ করে যা বর্তমানে তেমন গুরুত্বপূর্ণ নয়। তবে Ripp (1984) নিকারাগুয়ার স্বাস্থ্যব্যবস্থার ক্ষেত্রে ১৯৭৯ সালে সান্ডানিস্তা বিপ্লবে চিকিৎসা নৃবিজ্ঞানীরা রাজনৈতিক অর্থনীতির গতিশীলতা, সিদ্ধান্ত গ্রহণের কাঠামো, শ্রেণি দ্বন্দ্ব এবং স্বাস্থ্য যত্নের বিষয়ে কাজ করেন (প্রাগুক্ত ৬৮)।

চিকিৎসা নৃবিজ্ঞানের রাজনৈতিক অর্থনীতির কিছু সীমাবদ্ধতা রয়েছে, যেমন: এটি অতি মাত্রায় রাজনৈতিক। কিভাবে স্থানিক সাংস্কৃতিক বিষয়সমূহ দ্বান্দ্বিক ভাবে সর্ম্পকিত, কিভাবে রাজনৈতিক প্রতিবেশ কিংবা সাংস্কৃতিক নির্মাণসমূহ স্থানিকভাবে কাজ করে এ বিষয়গুলো উপেক্ষিত থাকে। এ সীমাবদ্ধতাকে সামনে রেখে ব্যাখ্যামূলক দৃষ্টিভঙ্গির সমালোচনা করে চিকিৎসা নৃবিজ্ঞানে সমালোচনাধর্মী চিকিৎসা দৃষ্টিভঙ্গি বিকাশ লাভ করে। এই ধরনের ঘরাণায় আমার পিএইচডি গবেষণা কাজটি উল্লেখযোগ্যও ( আখতার: ২০১১)।

আমার থিসিসে নৃবৈজ্ঞানিক রাজনৈতিক অর্থনীতি বিষয়ক তাত্ত্বিক দৃষ্টিভঙ্গি ব্যবহার করেছি। নির্ভরশীলতার তাত্ত্বিকদের মতই আমি বিশ্বব্যাংকের রাজনীতি কিভাবে বাংলাদেশের পুষ্টি কার্যক্রমকে নিয়ন্ত্রণ করে তা দেখাতে চেষ্টা করেছি। তবে নির্ভরশীলতার তাত্ত্বিকদের সীমাবদ্ধতা সম্পর্কে আমি সচেতন থেকে নৃজ্ঞোনিক দৃষ্টিভঙ্গি অনসরণ করি। নির্ভরশীলতা

তত্ত্বের অন্যতম প্রধান দূর্বলতা হচ্ছে এটি স্থানিক জনগোষ্ঠী কিভাবে বৈশ্বিক পুঁজিবাদকে গ্রহণ করে তার উপর গুরুত্ব দেয় না। আমার থিসিসের মাধ্যমে আমি স্থানিক জনগোষ্ঠী কিভাবে বিশ্বব্যাংকসহ অপরাপর পুঁজিবাদী বহিঃস্থ শক্তি আরোপিত পুষ্টিজ্ঞানকে নিজ সমাজ-সংস্কৃতির আলোকে ব্যাখ্যা করে তার মাইক্রো তথ্য উপস্থাপন করেছি।

রাজনৈতিক অর্থনীতি বুঝতে আমি গৃহস্থালি পর্যায়ে ব্যক্তি থেকে শুরু করে সমাজ সংগঠনের অপরাপর একক যেমন: গোষ্ঠী, সমাজ পযায়ে পুষ্টি জ্ঞানের মিথস্ক্রিয়া দেখেছি। অন্যদিকে বহিঃস্থ পুষ্টি জ্ঞানের এজেন্সীগুলো যেমন: সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান সমূহের পুষ্টি সংক্রান্ত কর্মকাণ্ড প্রত্যক্ষ করেছি। আবার বৈশ্বিক পর্যায়ে বিশ্বব্যাংক এবং আর্ন্তজাতিক স্বাস্থ্য সংস্থা পুষ্টিজ্ঞানের বৈশ্বিক ডিসকোর্সের কেন্দ্র থেকে কিভাবে বাংলাদেশের গ্রাম পর্যন্ত সম্পৃক্ত তার রাজনীতি তুলে ধরেছি।

## ৫.উপসংহার

এই প্রবন্ধে রাজনৈতিক অর্থনীতির দৃষ্টিভঙ্গির চিরায়ত ব্যাখ্যা উপস্থাপন করা হয়েছে। প্রত্যয়গতভাবে এটি অর্থনৈতিক এবং যার উদ্দেশ্য হচ্ছে পুঁজিবাদী উৎপাদন ব্যবস্থা বিশ্লেষণ। কিন্তু পুঁজিবাদ যে শুধু অর্থনীতিক ব্যবস্থায়ই নয় বরং তা যে রাজনৈতিক- র্কালমার্কস এ বিষয়টি প্রথম তুলে ধরেন। কিন্তু মার্কীয় ব্যাখ্যায় ও পরবর্তীতে নব্য মার্কবাদীদের ব্যাখ্যা দু'টোই পুঁজিবাদের সাংস্কৃতিক ও মতাদর্শগত দিকগুলো সম্পর্কে নীরব। এমন একটি অবস্থায় নৃবিজ্ঞান জ্ঞানকাণ্ডের দৃষ্টিভঙ্গি রাজনৈতিক অর্থনীতি বিশ্লেষণে নতুন মাত্রা দেয়। একেবারে মাইক্রো থেকে ম্যাক্রো, স্থানীয় থেকে বৈশ্বিক পর্যায়ে ভিন্ন ভিন্ন পরিসরে ভিন্ন ভিন্ন একটররা কিভাবে পুঁজিবাদের অভিন্ন লক্ষ্যে কাজ করে তার এথনোগ্রাফিক তথ্য তুলে ধরে। সেদিক থেকে এই দৃষ্টিভঙ্গির অনন্যতা হলো পুঁজিবাদ এককেন্দ্রিক ব্যবস্থা নয়, বরং স্থানিক এবং বৈশ্বিক আন্তঃসম্পর্কের অনুশীলন ও তার স্বরূপ তুলে ধরে।

## টীকা

১। প্রবন্ধটি আমার পিএইচডি গবেষণার তাত্ত্বিক আলোচনার একটি অংশ। এখানে কিছুটা পরিবর্তন, পরিমার্জনাসহ উপস্থাপন করা হয়েছে।

২। American Ethnologistএর এই বিশেষ সংখ্যায় James Brow (1978) 'The changing structure of appropristions in Veda agriculture' (p.448-467) ও Smith (1978) এর 'beyond dependency theory: national and regional patterns of underdevelopment in Guatemala' (pp. 574-617) শীর্ষক প্রবন্ধে তৃতীয় বিশ্বের নির্ভরশীলতার তত্ত্ব উপস্থাপিত হয়েছে। নব্য মার্ক্সবাদী বিশ্লেষণের আলোকে

উদাহরণস্বরূপ Smith দেখান যে, অঞ্চলগত ভাবে গুয়েতেমালা গৃহস্থালি পর্যায়ে বাজার, পুঁজি, মজুরিশ্রম এবং শ্রমবিভাজনের মাধ্যমে কিভাবে পুঁজিবাদী উৎপাদন প্রণালীর সাথে যুক্ত এবং প্রান্তিক।

৩। 'Cultural History' বা সাংস্কৃতিক দৃষ্টিভঙ্গির কতকগুলো বৈশিষ্ট্য Wolf এবং Mintz এর পরবর্তী কাজে উঠে আসে। তাঁদের মতে, ১)এটা এ অর্থে ঐতিহাসিক যে, স্থানীয় সম্প্রদায়কে শত বৎসরের সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক প্রক্রিয়ার পণ্য হিসেবে নির্মাণ করা হয়েছে। ২)বিশ্ব ব্যবস্থা তত্ত্বের মত এখানে ঐতিহাসিক অনুসন্ধানকে বৈশ্বিক প্রক্রিয়ার সাথে যুক্ত করা হয়না বরং নৃবৈজ্ঞানিক বিষয় হিসেবে স্থানীয় যোগাযোগ ও সর্ম্পকের সাথে বৃহৎ পরিসরে রাষ্ট্র এবং সাম্রাজ্য গঠন কিভাবে পরস্পর ছেদ করে তা বুঝতে চায় সাংস্কৃতিক ইতিহাস।

৪। ৭০ এর দশকে নৃবিজ্ঞানীরা তাদের দৃষ্টিভঙ্গি তুলে ধরার জন্য 'Political Economy' ব্যবহার করেন। এবং ১৯৭৮ সালে একটি বিশেষ ইস্যু হিসেবে Political Economy কে American Ethnologist জার্নালে গুরুত্ব দিতে শুরু করে।

৫। দেখুন Scheper-Hughes (2002) 'The Global Traffic in Human Organs' in Inda and Rosaldo (ed) The Anthropology of globalization: a reader. pp.270-308 সামাজিক শ্রেণীর সচেতনতা এবং মতাদর্শিক বিষয়কে কেন্দ্র করে চিকিৎসা নৃবিজ্ঞানেও রাজনৈতিক- অর্থনৈতিক আলোচনা হয়ে থাকে । যেমন: চিকিৎসা ধারণা বোঝার ক্ষেত্রে (Foster and Anderson, 1978) আন্তঃ শ্রেণীর বিভিন্নতা সম্পর্কিত বিষয় ক্রিয়াশীল। 'অসুস্থতা' এবং 'নিরাময়' পর্যালোচনায় সামাজিক শ্রেণীর কেন্দ্রীয় ভূমিকায় রয়েছে শ্রেণী ভিত্তিক ক্ষমতার বিভিন্নতা (Beardsley, 1987; Ferguson, 1986; Navarro, 1986)। আর্তারো এস্কোবারের (১৯৯৫) কলাম্বিয়ায় পরিচালিত গবেষণায় দেখা যায় যে, পুষ্টির রাজনৈতিক-অর্থনীতির ধারণায় কৃষকের সামাজিক ও সাংস্কৃতিক পরিবর্তনের ইংগিত রয়েছে। এই পরিবর্তনের সাথে গ্রামীণ উন্নয়নের পদক্ষেপ হিসেবে স্বাস্থ্য ও পুষ্টির বিষয়কে নিয়ে আসা হয় একটি ডিসকার্সিভ অনুশীলন হিসেবে।

৬। একই ধারার ethnography কাজ যেমন: Morgan, 1989b, Singer, 1992b উল্লেখযোগ্য একই ধারার এথনোগ্রাফিক কাজ যেমন: Morgan, 1989; Scheper-Huges, 1992; Singer, 1992a উল্লেখযোগ্য।

## তথ্যসূত্র

Althusser, L. 1970. Reading Capital. *Monthly Review*, New York.
Amin, S. 1974. Accumulation on a World Scale. *Monthly Review*, New York.
Baer Hans A. 1984. A Comparative View of a Heterodox Health System: Chiropractics in America and Britain. *Medical Anthropology* 8:151-68
—— 1989 The American Dominative Medical System as a Reflection of Social Relations in the Larger Society. *Social Science and Medicine* 28(11):1103-12.

Baran, Paul A. 1957. The Political Economy of Growth. *Monthly Review Press*, New York.

Beardsley, E. 1987. *A History of Neglect: Health Care for Blacks and Mill Workers in the Twentieth Century*. South Knoxville: University of Tennessee Press.

Brow, J. 1978) 'The changing structure of appropriations in Veda agriculture' In *American Ethnologist*, Special Issues, Political Economy, Vol.5, No:3, pp-448-467.

Escobar, A. 1995. *Encountering Development: The Making and Unmaking of the Third World.* Princeton University Press, Princeton, New Jersey.

Ferguson, A. 1986. Class Difference in Women's Roles as Health Care Managers: A Case Study from EI Salvador. Paper presented at the National Women's Studies Association Meetings, Champagne-Urbana, June 11-15.

Foster, George M. and Barbara G. Anderson. 1978. *Medical Anthropology*. New York: John Wiley and Sons.

Frank, A. G. 1967. *Sociology of Development and Underdevelopment.* Catalyst, Summer.

Gramsci, A. 1996. *Prison Note books of Antonio Gramsci.* Lawrence and wishart, London.

Hart, K. 1982. *The Political Economy of West African Agriculture.* Cambridge: Cambridge University Press.

Leacock, E. 1954. The Montagnais "Hunting Territory"and the Fur Trade. *American Anthropological Association. Mem* 78, pp-59.

Marcus, George E. and Michael M. Fisher. 1986 *Anthropology as Cultural Critique: An Experimental Moment in the Human Sciences.* Chicago: the University of Chicago Press.

Marx, K. 1961. *Das Capital: A Critique of Political Economy*. Moscow: Foreign Language Publishing House.

Marx, Karl and Engels, F. 1947. *The German Ideology*. New York: International Publishers.

Mintz, S. 1985. *Sweetness and Power: The place of Sugar in Modern History*. New York; Penguin.

Morgan Lynn M. 1987. Dependency Theory in the Political Economy of Health: An Anthropological Critique. *Medical Anthropology Quarterly* 1 (2): 131-55.

—— 1989a. The Political Economy of Primary Health care in Costarica, Guatemala, Nicaragua, and EI Salvador. Edited by L.Morgan. Special Issue of *Medical Anthropology Quarterly*, 3 (3): 227-282.

—— 1989b. The Importance of the State in Primary Health Care in Costa Rica, Guatemala, Nicaragua, and EI Salvador. *Medical Anthropology Quarterly*,3 (3): 227-31.

Nash, J. 1979. *We Eat the Mines and the Mines Eat Us.* New York: Columbia University Press.

Navarro, V. 1985. U.S.Marxist Scholarship in the Analysis of Health and Medicine. *International Journal of Health Services*, 15(4):525-44

Navarro, V. 1986. *Crisis, Health and Medicine: A Social Critique.* New York, Tavistock.

Ong, A. 1987. *Spirits of Resistance and Capitalist Discipline.* Albany: SUNY Press.

Onoge, O. 1975. Capitalism and Public Health : A Neglected Theme in the Medical Anthropology of Africa. In S Ingaman and A. Thomas (eds.) *Topias and Utopias of Health*, pp. 219-232. The Hague; Mouton.

Ortner, Sherry B. 1984. Theory in Anthropology since the Sixties. In *Comparative Studies in Society and History.* Pp. 126-166. Vol.26, No. 1.

Prebisch, R. 1979. The Neo-Classical Theories of Economic Liberalism. *CEPAL Review*, 7:167-88.

Richards, A.1939. *Land, Labour and Diet in Northern Rhodesia.* London: Oxford University Press.

Ripp, Joseph L. 1984. Revolutionary Nicaragua: An Arena for Research in Medical Anthropology. *Medical Anthropology Quarterly,* 15(3):68-69.

Roseberry, W. 1988. Political Economy. In *Annual Review of Anthropology*, Vol.17.161-85, Palo Alto. California, USA.

Sargent, Carolyn and Johnson, Thomas M. (eds). 1996. *Medical Anthropology: Contemporary Theory and Method.* London: Connecticut.

Scheper- Hughes, N. 1984. Infant Mortality and Infant Care: Cultural and Economic Constraints on Nurturing in Northeast Brazil. *Social Science and Medicine* 19 (5): 535-46.

—— 1992. *Death without Weeping: The Violence of Everyday Life in Brazil.* University of California Press, Berkeley.

—— 2002. The Global Traffic In Human Organs. In Jonathan Xavier India Relato Rosaldo (eds.). *The Anthropology of Globalizations: A Reader*, New York: Blackwell Publishers Inc.

Singer, M. et al. 1984. Hypoglycemia: A Controversial Illness in U.S. Society. *Medical Anthropology*, 8:1-35.

Singer, M. 1986. Toward a Political Economy of Alcoholism: the Missing Link in the Anthropology of Drinking. *Social Science and Medicine* 23 (2): 113-30.

------ 1989. The Coming of Age of Critical Medical Anthropology. *Social Science and Medicine*, 28:1193-1203.

------ 1992a. Biomedicine and the Political Economy of Science. *Medical Anthropology Quarterly* 6 (4): 4oo-3.

------ 1992b. The Four Field: A Medical Anthropology Perspective. *Anthropology Newsletter* (Octobar):15.

Smith, A. 1976. *The Wealth of Nations.* London: W.Strahan and T. Cadell.

Smith, C. 1978. Beyond Dependency Theory: National and Regional Patterns of Underdevelopment in Guatemala. *American Ethnologist*, Special Issues, Political Economy, Vol. 5, no:3, pp 574-617.

Taussig, M. 1980a. Reification and the Consciousness of the Patient. *Social Science and Medicine,* 14b: 3-13.

------ 1980b. *The Devil and Commodity Fetishism in South America Chapel Hill.* University of North Carolina Press.

Ulin, R. 1991. Critical Anthropology Twenty Years Later: Modernism and Post-modernism in Anthropology. *Critique of Anthropology,* 11 (1):63-89.

Wallerstein, I. 1979. *The Capitalist World Economy.* Cambridge: Cambridge University Press.

Wolf R. Eric. 1982. *Europe and the People without History*. University of California Press.

আখতার, রাশেদা (২০১১), পুষ্টিজ্ঞানের রাজনৈতিক-অর্থনীতি: বাংলাদেশ কেইস, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা , অপ্রকাশিত পিএইচডি থিসিস।

চৌধুরী, হাসানুজ্জামান (২০০৭), সমাজবিজ্ঞানের প্রত্যয়, বুক চয়েজ, ২/৩ প্যারীদাস রোড, বাংলাবাজার, ঢাকা (প্রথম প্রকাশ, ১৯৯৯)।